



## ইউনিট ৯

### অনুবাদ

#### উদ্দেশ্য

#### এ ইউনিটটি পড়ে আপনি-

- অনুবাদ কী তা লিখতে পারবেন।
- অনুবাদের প্রকারভেদ সম্পর্কে ব্যাখ্যা করতে পারবেন।
- এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরিত করার পদ্ধতি বুঝতে পারবেন।
- কোন ভাষায় অনুবাদ করলে অনুবাদের ভাষা প্রাঞ্জল ও মাধুর্যপূর্ণ হবে তার কৌশল জানতে পারবেন।

কোনো রচনা এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরিত করাকে অনুবাদ বলে। বিভিন্ন ভাষাগোষ্ঠীর মধ্যে তথ্য বিনিময়ের প্রধান উপায় হচ্ছে অনুবাদ। বিদেশি বিভিন্ন ভাষা হতে বাংলায় অনুবাদ করা যায় এবং বাংলা থেকেও অন্য ভাষায় অনুবাদ করা সম্ভব। তাই এক কথায় অনুবাদ হল ভাষান্তর। এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর সব ক্ষেত্রে সহজ নয়। কোনো বিষয়কে রূপান্তরিত করতে হলে উভয় ভাষার গঠন কৌশল, রীতি প্রভৃতি সম্পর্কে বিশেষ জ্ঞান থাকা প্রয়োজন। প্রত্যেক ভাষারই নিজস্ব গঠনভঙ্গি, প্রকাশরীতি ও বৈশিষ্ট্য আছে। অনুবাদে সে বৈশিষ্ট্যের যথাযথ প্রতিফলন দরকার। মোট কথা, অনুবাদে মূল সুরটি কিছুতেই বিকৃত করা যাবে না। অনুবাদ হল এক ধরনের শিল্প। অনুবাদ কর্মে যদি ভাষায় দক্ষতা আর মূলের রূপ, রস, স্বাদ ও সৌন্দর্য অক্ষুণ্ণ থাকে তবে অনায়াসে তা শিল্পকে ছুঁয়ে যেতে পারে। বিশ্বের প্রায় সব তথ্য ও জ্ঞান ইংরেজি ভাষার মাধ্যমে পাওয়া যায়। তাই ইংরেজি ভাষা থেকে অনুবাদের উপর অধিক গুরুত্ব দেয়া হয়ে থাকে। সাহিত্য ও জ্ঞানের বইপত্র, পত্রিকা ইত্যাদি পাঠের অভ্যাসে এ ধরনের দক্ষতা গড়ে উঠে।

#### অনুবাদ মূলত দুই প্রকার :

##### ১. আক্ষরিক অনুবাদ

##### ২. ভাবানুবাদ

মূল ভাষার প্রতিটি শব্দের প্রতিশব্দ ব্যবহার করে যে অনুবাদ করা হয় তাকে আক্ষরিক অনুবাদ বলে। মূল ভাষার ভাব ঠিক রেখে সুবিধামত নিজের ভাষায় বক্তব্য প্রকাশ করাকে ভাবানুবাদ বলে। এ ক্ষেত্রে মূল রচনার প্রতিটি শব্দের অনুবাদ করা হয় না। উদাহরণ হিসেবে বলা যায়-‘Cut your coat according to your cloth’. বাক্যটি যদি ‘কাপড় অনুযায়ী তোমার কোট কাট’ হয় তাহলে এটি হবে আক্ষরিক অনুবাদ। আর যদি বলা হয় ‘আয় বুঝে ব্যয় কর’ তাহলে তা হবে ভাবানুবাদ।

আক্ষরিক অনুবাদ ও ভাবানুবাদের কোনো সঠিক নিয়ম নেই। কোন কোন ক্ষেত্রে অনুবাদ আক্ষরিক কিংবা ভাবানুবাদ হয় এটা নির্ভর করে অনুবাদের বিষয়ের ওপর। মোট কথা যে, পদ্ধতিতে অনুবাদ করলে ভাষা মূলের কাছাকাছি, সহজ- সরল আর প্রাঞ্জল হয় সেদিকে দৃষ্টি রেখে অনুবাদ করা বাঞ্ছনীয়।

#### অনুবাদের লক্ষণীয় বিষয়সমূহ

১. অনুবাদের অংশটি বার বার পড়ে ভেতরের ভাবটুকু ভালভাবে বুঝে নিতে হবে।
২. মূল বাক্যে যে ক্রিয়া ও বাচ্য থাকে অনুবাদেও সেই বাচ্য ও ক্রিয়াপদ নির্দেশ করতে হবে।
৩. কঠিন ভাষা এড়িয়ে সহজ, সরল ও প্রাঞ্জল ভাষায় অনুবাদ করা উচিত।
৪. ভাষার সৌন্দর্য রক্ষার জন্যে মূলের বড় বাক্যকে ভেঙে ছোট ছোট করে অনুবাদ করা উচিত।
৫. পরিভাষা দুর্বোধ্য হলে মূল শব্দটি ব্যবহার করা চলে।
৬. মূল অংশের প্রত্যক্ষ ও পরোক্ষ উক্তি অনুবাদের ক্ষেত্রেও একইভাবে রূপান্তরিত হবে।



৭. মূল রচনার ভাষা রীতি অনুবাদেও প্রতিফলিত হওয়া দরকার।
৮. ইংরেজি নামগুলো ইংরেজি নামরূপেই অনুবাদ করতে হবে।
৯. অনুবাদ কালে কোনো বাক্যের ব্যাখ্যা অপ্রয়োজনীয়। ভাষার চেয়ে ভাবের দিকে লক্ষ্য রাখা জরুরি।
১০. অনুবাদ এক ধরনের শিল্প। এর ভাব ও ভাষায় সামঞ্জস্য থাকতে হবে।

### অনুবাদের দৃষ্টান্ত

১. Nizam-ul-Mulk was very fond of reading. He owned a great number of books and from these books he continuously increased his knowledge of the world. He said to himself, if the young peoples of my country learned to read, they would learn how to live a good life. This would bring happiness to them and to their friends.

**অনুবাদ :** নিয়াম-উল-মূলক পড়াশোনা খুব পছন্দ করতেন। তাঁর প্রচুর বই ছিল এবং এসব বই থেকে তিনি ক্রমাগত বিশ্ব জ্ঞান বৃদ্ধি করতেন। তিনি নিজে বলতেন, যদি আমার দেশের তরুণরা পড়তে শিখত, তাহলে ভাল জীবন যাপন সম্পর্কে শিখতে পারত। এতে তাদের নিজের ও বন্ধুদের জীবনে সুখ আনতে পারত।

২. He who loves his country is a patriot. The patriots love their own country more than their own life. They are ready to sacrifice their lives for the welfare of the country. Everyone respects them. They remain alive even after their death.

**অনুবাদ :** যে দেশকে ভালবাসে সে দেশপ্রেমিক। দেশপ্রেমিকেরা নিজের জীবনের চেয়ে নিজের দেশকে ভালবাসে। তাঁরা দেশের মঙ্গলের জন্যে জীবন দিতে প্রস্তুত। তাঁদের সবাই সম্মান করে। মৃত্যুর পরও তাঁরা বেঁচে থাকে।

৩. Students should observe the laws of life. They should rise from the bed early in the morning and go out for a walk. Besides these, they should take to perform all things, which are necessary for the preservation of health.

**অনুবাদ:** ছাত্রদের জীবনের বিধান মেনে চলা উচিত। খুব ভোরে ঘুম থেকে উঠে তাদের বাইরে হেঁটে বেড়ানোর জন্য যাওয়া উচিত। তাছাড়া স্বাস্থ্য রক্ষার প্রয়োজনীয় বিষয়ে তাদের যত্নবান হওয়া উচিত।

৪. The prosperity of Bangladesh as a whole depends on the flourishing of jute industries in our country. Our golden fibre is really more precious than gold. It is the source of our present prosperity and progress.

**অনুবাদ:** বাংলাদেশের উন্নতি সামগ্রিকভাবে আমাদের দেশের পাটশিল্পের সম্প্রসারণের ওপর নির্ভরশীল। আমাদের সোনালি আঁশ আসলেই সোনার চেয়ে দামি। এটি আমাদের বর্তমান উন্নতি ও অগ্রগতির উৎস।

৫. Students of today will lead the nation tomorrow. But if their education is not complete, would they be able to lead the country to peace and prosperity?

**অনুবাদ:** আজকের ছাত্ররা আগামী দিনে জাতির নেতৃত্ব দেবে। কিন্তু তাদের শিক্ষা যদি সম্পূর্ণ না হয়, তবে কি তারা দেশকে শান্তি ও সমৃদ্ধির দিকে এগিয়ে নিতে সামর্থ্য হবে?

৬. Youth is the best time when there is freshness and vigour in mind and body. This is the time when it is most necessary for one to remember the maxims you sow so you will reap'. This is, as it were, the sowing season of man and if he wants to reap the harvest of prosperity and happiness, he must sow the seed of industry, truthfulness, virtue and honesty in this season.

**অনুবাদ:** যৌবন হচ্ছে সর্বোৎকৃষ্ট সময় যখন মনে ও দেহে সজীবতা এবং প্রাণশক্তি থাকে। এইটিই সেই সময় যখন যেমন কর্ম তেমন ফল' প্রবাদ বাক্যটি স্মরণ রাখা অতীব প্রয়োজন। এটা, আগেও যেমন ছিল, মানুষের বীজ বপনের কাল এবং যদি সে সমৃদ্ধ ও সুখের ফসল তুলতে চায় তাহলে এই কালেই তাকে পরিশ্রম, সত্যবাদিতা, সদ্গুণ ও সততার বীজ বুনতে হবে।

৭. Water is another important asset. Its main source is the rain that builds streams, lakes and rivers. We have rain during the monsoon. The monsoon is the seasonal wind that blows in from the Bay of Bengal.



**অনুবাদ:** পানি হচ্ছে আরেকটি গুরুত্বপূর্ণ সম্পদ। তার প্রধান উৎস হচ্ছে বৃষ্টি- যা খালবিল, হ্রদ ও নদী তৈরি করে। আমরা মৌসুমি বায়ু প্রবাহকালে বৃষ্টি পেয়ে থাকি। মৌসুমি বায়ু হল ঋতুভিত্তিক বায়ু যা বঙ্গোপসাগর থেকে প্রবাহিত হয়।

৮. Many years ago people did not have maps in books. They made their own maps. Alexander went from Greece to India, but he did not have a map.

**অনুবাদ:** বহু বছর পূর্বে বইপুস্তকে মানচিত্র ছিল না। লোকে নিজেদের প্রয়োজনে মানচিত্র তৈরি করত। আলেকজান্ডার গ্রিস থেকে ভারতে গিয়েছিলেন, কিন্তু তাঁর কাছে মানচিত্র ছিল না।

৯. A teacher can never truly teach unless he is still learning himself. A lamp can never light another lamp unless it continues to burn its own flame.

**অনুবাদ:** নিজে না শিখে একজন শিক্ষক কখনও প্রকৃতভাবে শেখাতে পারেন না। নিজের শিখা না জ্বালিয়ে একটি প্রদীপ কখনো অন্য প্রদীপ জ্বালাতে পারে না।

১০. One night Abu was sleeping in his room. It was about midnight. Suddenly, there was a strange light in Abu's room. Abu woke up. He was writing something in his book.

**অনুবাদ:** এক রাতে আবু তাঁর কক্ষে ঘুমাচ্ছিলেন। তখন ছিল মধ্যরাত। হঠাৎ দেখা গেল আবুর কক্ষে এক অদ্ভুত আলো। আবু জেগে উঠলেন। তিনি তাঁর বইতে কী যেন লিখছিলেন।

১১. A patriot is a man who loves his country, works for it and is willing to fight and die for it. Every soldier is bound to do his duty. But the best soldiers do more than this. They risk their lives because they love the country they are fighting for.

**অনুবাদ:** দেশপ্রেমিক হচ্ছেন তিনি, যিনি দেশকে ভালবাসেন, দেশের জন্য কাজ করেন এবং দেশের জন্য যুদ্ধ করতে এবং মরতেও প্রস্তুত থাকেন। প্রত্যেক সৈনিক নিজ কর্তব্য করতে বাধ্য। কিন্তু উত্তম সৈনিক তার চেয়েও বেশি করে। তারা তাদের জীবনের ঝুঁকি নেন কারণ তারা দেশকে ভালোবেসে তার জন্য যুদ্ধ করেন।

১২. We live in a society. So we must learn to live in peace and amity with others. We have to respect other life and property. We have a lot of duties and responsibilities to the society.

**অনুবাদ:** আমরা সমাজে বাস করি। তাই অন্যের সঙ্গে শান্তিতে ও সৌহার্দে বাস করা আমাদের শিখতে হবে। অন্যের জীবন ও সম্পত্তির প্রতি আমাদের সম্মান দেখাতে হবে। সমাজের প্রতি আমাদের অনেক কর্তব্য ও দায়িত্ব রয়েছে।

১৩. The only reason I ever read a book in my spare time, that is to say, is because I expect pleasure from it. If I like it, I go on. If it bores me, I stop. No one can bully me into liking what I don't like.

**অনুবাদ:** আমি অবসর সময়ে বই পড়ি তার প্রধান কারণ, বলতে গেলে, আমি তা থেকে আনন্দ পেতে চাই। যদি পছন্দ হয় আমি পড়তে থাকি। যদি তা আমার বিরক্তির উদ্রেক করে আমি পড়া থেকে বিরত থাকি। যা আমি পছন্দ করি না তা কেউই আমাকে গায়ের জোরে পছন্দ করাতে পারে না।

১৪. Modern Science is teaching us that no one lives alone. Co-operation between individuals and then between families, was essential to the life of man when he competed with animals of field and forests.

**অনুবাদ:** আধুনিক বিজ্ঞান আমাদের শেখায় যে কেউই একা বাস করতে পারে না। পরস্পরের সঙ্গে সহযোগিতা এবং তারপর পরিবারের সঙ্গে পরিবারের সহযোগিতা মানবজীবনে অত্যন্ত প্রয়োজনীয়; যেহেতু তাকে মাঠে এবং বনে পশুদের সঙ্গে প্রতিযোগিতায় লিপ্ত থাকতে হচ্ছে।

১৫. Man has developed science through study and labour. Science has given him machines, which have made him as powerful as the Gods of old. Nature has revealed many of her secrets to him and more and more mysteries are being daily exposed.



**অনুবাদ:** মানুষ পড়াশোনা ও শ্রমের মাধ্যমে বিজ্ঞানের উন্নতি করেছে। বিজ্ঞান তাকে যন্ত্র দিয়েছে যা তাকে পৌরাণিক দেবতার মতো শক্তিশালী করেছে। প্রকৃতি তার বহু গোপন বিষয় তার নিকট উন্মোচন করেছে এবং আরো অনেক অনেক রহস্য প্রতিদিনই উদ্ঘাটিত হচ্ছে।

১৬. Man is the architect of his own fortune. If he makes a proper division of his time and does his duties accordingly, he is sure to improve and prosper in life, but if he does otherwise he is sure to repent when it is too late and he will have to drag a miserable existence from day to day.

**অনুবাদ:** মানুষ তার নিজের ভাগ্যনির্মাণাতা। সে যদি তার সময়কে সুষ্ঠুভাবে ভাগ করে এবং সেভাবে কর্তব্য করে যায় তবে সে নিশ্চয়ই জীবনে উন্নতি করবে এবং সৌভাগ্যশালী হবে। কিন্তু সে যদি উল্টোটা করে তাহলে সে নিশ্চয়ই অনুশোচনা করবে, অবশ্য তখন অনেক দেরি হয়ে যাবে এবং তাকে দিনের পর দিন শোচনীয়ভাবে বেঁচে থাকতে হবে।

১৭. Knowledge is vaster than ocean. The more we gather knowledge, the more our thirst increases. So any kind of restriction on the pursuit of knowledge is not at all desirable. Everybody has the right to walk freely in the ocean of knowledge.

**অনুবাদ:** জ্ঞান সমুদ্র থেকেও বিস্তৃত। আমরা যত জ্ঞান অর্জন করি তত আমাদের তৃষ্ণা বৃদ্ধি পায়। কাজেই জ্ঞান আহরণের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা মোটেও বাঞ্ছনীয় নয়। জ্ঞানের সমুদ্রে স্বাধীনভাবে বিচরণের অধিকার প্রত্যেকেরই আছে।

১৮. A garden is not a source of beauty only. It is also a source of income to men. Men for their great love for flowers, decorate their homes with them on different occasion. Men love flowers, for they are the symbols for beauty and purity.

**অনুবাদ:** বাগান শুধু সৌন্দর্যেরই আকর নয়। এটি আয়েরও উৎস বটে। ফুলের প্রতি মানুষের অসীম ভালবাসার দ্বারা তারা বিভিন্ন অনুষ্ঠানে ফুল দিয়ে বাড়ি সাজায়। মানুষ ফুল ভালবাসে কারণ ফুল সৌন্দর্য ও পবিত্রতার প্রতীক।

১৯. Youth is the best time in our life. We must sow the seeds of industry, truthfulness, virtue and honesty in this season to reap the harvest of prosperity and happiness.

**অনুবাদ:** আমাদের জীবনে যৌবন হচ্ছে সর্বোৎকৃষ্ট সময়। এ ঋতুতে আমাদের পরিশ্রম, সত্যবাদিতা, সদগুণ এবং সাধুতার বীজ বপন করতে হবে যাতে আমরা উন্নতি ও সুখের ফসল আহরণ করতে পারি।

২০. Walking is best suited to all kinds of health. Both the young and the old can walk and help their body function as long as they live. On the other hand, gymnastic exercises are best suited to young people only.

**অনুবাদ:** সব ধরনের স্বাস্থ্যের জন্য হাঁটা সবচাইতে উপযোগী। যুবক ও বৃদ্ধ উভয়ই, যতদিন বেঁচে আছে, হাঁটতে পারে এবং শরীরকে সচল রাখতে পারে। অন্যদিকে শারীরিক ব্যায়ামাদি কেবল তরুণদের জন্যই বেশি উপযোগী।

২১. The best sort of character cannot be formed without efforts. This needs the exercise of constant self-watchfulness, self-discipline and self-control. We should remember that character is the crown and glory of life.

**অনুবাদ:** প্রচেষ্টা ছাড়া উত্তম চরিত্র গঠন করা যায় না। এতে প্রয়োজন অনবরত সতর্কতা, স্ব-নিয়মানুবর্তিতা এবং আত্মনিয়ন্ত্রণের অনুশীলন। আমাদের স্মরণ রাখা প্রয়োজন যে, চরিত্র হচ্ছে জীবনের রাজমুকুট ও গৌরব।

২২. We should bear the courage to say the right thing. We need not fear man nor care for what others think of so. So long as our purpose is honest God will be on our side. And with his help we shall be able to encourage the weak.

**অনুবাদ:** আমাদের সত্য বলার সাহস থাকা উচিত। আমাদের মধ্যে লোকভয় থাকার দরকার নেই, কিংবা অন্যেরা আমাদের সম্বন্ধে কী ভাবে তাও খেয়াল করার দরকার নেই। যতক্ষণ আমাদের উদ্দেশ্য সৎ থাকবে, ততক্ষণ আল্লাহ আমাদের সহায় হবেন। আর তাঁর সাহায্য নিয়ে আমরা দুর্বলকে উৎসাহিত করে তুলতে পারব।



২৩. A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lesson interesting. He keeps pupils and students awake. He also makes them confident and proves them clever. Everybody has something valuable inside him. A good teacher discovers the treasure hidden inside each student.

**অনুবাদ:** একজন ভাল শিক্ষক যে-কোনো দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মধ্যে একজন। বাংলাদেশে ভাল শিক্ষকের দরকার। একজন সুশিক্ষক পাঠকে আনন্দদায়ক করে তোলেন। তিনি ছাত্র-ছাত্রীকে জাগ্রত রাখেন। তিনি তাদের আত্মপ্রত্যয়ী এবং চালক-চতুরও করে তোলেন। প্রত্যেকের মধ্যেই কিছু না কিছু মূল্যবান জিনিস রয়েছে। সুশিক্ষক ছাত্র-ছাত্রীর মধ্যে লুকায়িত সেই সম্পদ আবিষ্কার করেন।

২৪. Books are men's best companions in life. You must have very good friends but you cannot get them when you need them. They may not speak gently to you. One or two may prove false and do much harm. But books are always ready to be by your side. Some books may make you laugh.

**অনুবাদ:** বই মানব-জীবনের সর্বোত্তম সঙ্গী। তোমার নিশ্চয়ই খুব ভাল বন্ধু আছে, কিন্তু প্রয়োজনের মুহূর্তে তুমি তাদের কাছে নাও পেতে পার। তারা তোমার সঙ্গে ভদ্রভাবে আলাপ নাও করতে পারে। দু-এক জন বিশ্বাসঘাতকও হতে পারে এবং তোমার সমূহ ক্ষতি করতে পারে। কিন্তু বই সব সময় তোমার কাছে থাকতে প্রস্তুত। কিছু কিছু বই তোমাকে হাসাবে, কিছু বই হয়তো-বা তোমাকে আনন্দ দেবে। কোনো কোনো বই আবার তোমাকে জ্ঞান এবং নতুন ধারণাও দিতে পারে।

২৫. A man's sight is his greatest treasure. There is no greater misfortune in life than blindness. A blind person cannot see the beauties of nature. He cannot see people's faces. He cannot see the lovely hues of the butterfly.

**অনুবাদ:** দৃষ্টিশক্তি মানুষের সর্বশ্রেষ্ঠ সম্পদ। অন্ধত্বের চেয়ে জীবনে বড় কোনো দুর্ভাগ্য নেই। অন্ধ ব্যক্তি প্রকৃতির সৌন্দর্য দেখতে পায় না। সে মানুষের মুখ দেখতে পায় না। সে দেখতে পায় না প্রজাতির মন-মাতানো বর্ণ-বৈচিত্র্য।

২৬. There are many ways of taking physical exercise. It can be secured either by walking or gymnastics. Walking is best suited to all kinds of health. Both the young and the old can walk and help their body function as long as they live.

**অনুবাদ:** ব্যায়াম করার অনেক উপায় আছে। তা ভ্রমণ বা শরীরচর্চার মাধ্যমে করা যেতে পারে। সব ধরনের স্বাস্থ্যের জন্য ভ্রমণ উপযোগী। যুবক-বৃদ্ধ উভয়ই ভ্রমণ করার মাধ্যমে আমৃত্যু তাদের শারীরিক কর্মক্ষমতা অটুট রাখতে পারে।

২৭. Bangladesh is the land of our birth. The blue sky and the fresh air of this land are very dear to us. It is our duty to build up our dear Bangladesh. It is our sacred duty. If we do our respective duties, then only our country will make progress.

**অনুবাদ:** বাংলাদেশ আমাদের জন্মভূমি। এদেশের নীল আকাশ আর নির্মল বাতাস আমাদের খুবই প্রিয়। আমাদের প্রিয় বাংলাদেশকে গড়ে তোলা আমাদের কর্তব্য। এটা আমাদের পবিত্র দায়িত্ব। যদি আমরা আমাদের নিজ নিজ দায়িত্ব পালন করি তবেই আমাদের দেশ উন্নত হবে।

২৮. Dishonest men are never trusted. They adopt dishonesty to achieve success. They cannot hide their dishonesty for long. It is exposed sooner or later. They deceive others once or twice. But if they are once known to be dishonest they are never more trusted.

**অনুবাদ:** অসৎ ব্যক্তিদের কখনও কেউ বিশ্বাস করে না। তারা সফলতা অর্জন করতে অসততার আশ্রয় নেয়। তারা চিরতরে তাদের অসততা লুকাতে পারে না। আগে বা পরে এটা প্রকাশিত হয়েই যায়। তারা অন্যদের কখনো না কখনো প্রতারিত করবেই। কিন্তু তারা যদি একবার অসৎ হিসেবে পরিচিত হয়ে যায়, তাহলে আর কখনও কেউ তাদের বিশ্বাস করে না।

২৯. Education is the backbone of a nation. No progress can be possible without education. Ignorance is like darkness. So the light of education is necessary for society. Everybody will have to appreciate this





truth. Students both boys and girls must be conscious of their responsibility. Otherwise the nation will not be able to see the light of hope.

**অনুবাদ:** শিক্ষা জাতির মেবুদণ্ড। শিক্ষা ছাড়া কোনো অগ্রগতি সম্ভব নয়। অজ্ঞতা অন্ধকারতুল্য। সমাজের জন্যে তাই শিক্ষার আলো দরকার। প্রত্যেককে এই সত্য উপলব্ধি করতে হবে। ছাত্রছাত্রী উভয়কেই তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন হতে হবে। অন্যথায় জাতি আশার আলো দেখতে পারবে না।

৩০. I am fond of collecting foreign stamps. I have chosen it because it is both interesting and instructive. As one goes on collecting, he comes in direct touch with geographical, historical and social conditions of various countries. The pictures of various things of interest rare animals, beautiful sights- all these are thought provoking.

**অনুবাদ:** বিদেশি ডাকটিকেট সংগ্রহ করা আমার পছন্দ। আমি এটা পছন্দ করেছি কারণ এটা একদিকে যেমন মজাদার তেমনি গঠনমূলক। একজন ডাকটিকেট সংগ্রহকারীর পক্ষে বিভিন্ন দেশের ভৌগোলিক, ঐতিহাসিক এবং সামাজিক অবস্থার প্রত্যক্ষ সংস্পর্শে আসতে পারে। দুর্লভ বিভিন্ন প্রাণির ছবি, সুন্দর দৃশ্যাবলি চিন্তাশক্তি বাড়ায়।

৩১. Once a crow was very thirsty. After some time he found a jar. But when he flew to it, he found that there was little water in it and that is very low. So he could not have a drink. Then taking a few pebbles he dropped them one after another into the jar.

**অনুবাদ:** একদা একটি কাক খুব তৃষ্ণার্ত ছিল। কিছুক্ষণ পর সে একটা কলসি দেখতে পেল। কিন্তু সে যখন কলসির কাছে গিয়ে দেখল ওটির তলায় সামান্য একটু পানি রয়েছে। তাই সে পান করতে পারল না। তারপর সে কলসির মধ্যে একটি একটি করে পাথরের নুড়ি ফেলতে লাগল।

৩২. Students are the source of future hope and strength of our country. Much depends on how they spend their time and energy now. They have in the first place to acquire good knowledge and experience. Secondly, they have to look around and study the conditions of the people, their ways of living and see in what directions reforms are necessary.

**অনুবাদ:** ছাত্ররা আমাদের দেশের ভবিষ্যতের আশা ও শক্তির উৎস। সেটি নির্ভর করে বর্তমানে তারা কীভাবে তাদের সময় ও শক্তির ব্যয় করবে তার ওপর। প্রথমত, তাদের ভালো জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করতে হবে। দ্বিতীয়ত, তাদের চারপাশের জনগণের অবস্থা ও জীবন ধারা পর্যবেক্ষণ করতে হবে এবং দেখতে হবে কী ধরনের নির্দেশনা সংস্কার তাদের প্রয়োজন।

৩৩. Self-reliance means depending on one's own elf. It is a great virtue. Self help is the best help; God helps those who help themselves. So everybody must rely on his own abilities to be self reliant. A self reliant man has confidence in his own abilities. He takes heart in the face of difficulties.

**অনুবাদ:** আত্মনির্ভরশীলতা বলতে নিজের ওপর নির্ভরশীলতাকে বুঝায়। এটি একটি মহৎ গুণ। নিজেকে সহায়তাই উত্তম সহায়তা। বিধাতা তাদেরকে সহায়তা করে যারা নিজেদেরকে সহায়তা করে। সুতরাং প্রত্যেককেই আত্মনির্ভরশীল হয়ে গড়ে উঠতে হবে। একজন আত্মনির্ভরশীল ব্যক্তি নিজের সামর্থ্যের ওপর বিশ্বাস রাখে। একজন স্বাবলম্বী সাহসিকতার সাথে সমস্যাবলি মোকাবেলা করে।

৩৪. We are the citizen of an independent country. Independence is the birth-right of man. But no nation can achieve independence without efforts. Again, the people of a country must be determined to preserve that independence. It is the sacred duty of every citizen to preserve the independence of his motherland.

**অনুবাদ:** আমরা একটি স্বাধীন দেশের নাগরিক। স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার। কিন্তু চেষ্টা ছাড়া কোনো জাতিই স্বাধীনতা অর্জন করতে পারে না। আবার, দেশের জনগণকে স্বাধীনতা ধরে রাখার জন্যে দৃঢ় প্রতিজ্ঞ হতে হবে। মাতৃভূমির স্বাধীনতা রক্ষা করা প্রতিটি নাগরিকেরই পবিত্র কর্তব্য।

৩৫. Smoking is very harmful. It is expensive too. It pollutes the environment. Those who smoke cannot live long. So, everyone should give up smoking.



**অনুবাদ:** ধূমপান খুব ক্ষতিকর। সেইসঙ্গে ব্যয়বহুলও। এটি পরিবেশকে দূষিত করে। যাঁরা ধূমপান করে তারা বেশিদিন বাঁচতে পারেন না। তাই প্রত্যেকেরই উচিত ধূমপান ত্যাগ করা।

৩৬. Cleanliness is a virtue. It is the habit of keeping the body and all other things free from dirt. Without a clean body one cannot have a pure mind. Cleanliness keeps health sound. It is also a mark of politeness. Good health keeps mind sound.

**অনুবাদ:** পরিচ্ছন্নতা একটি গুণ। শরীর ও অন্য সবকিছু ময়লামুক্ত রাখার একটি অভ্যাস এটি। বিশুদ্ধ মনের জন্য চাই পরিচ্ছন্ন দেহ। পরিচ্ছন্নতা স্বাস্থ্য রক্ষা করে। এটা বিনয়েরও লক্ষণ। ভালো স্বাস্থ্য মনকে প্রফুল্ল রাখে।

৩৭. Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all our works from our childhood. Childhood is the seed-time. The habit formed at this time will continue all through our life. ‘Everything at right time’ should be our motto.

**অনুবাদ:** সময়ানুবর্তিতার চর্চা করে একে অভ্যাসে পরিণত করতে হয়। শৈশবকাল থেকেই বিভিন্ন কাজের মধ্য দিয়ে এই গুণ অর্জন করতে হয়। শৈশব হচ্ছে বীজ বপনের সময়। এ সময়ে গড়ে ওঠা অভ্যাসই আমাদের মধ্যে সারা জীবনে বজায় থাকে। আমাদের উদ্দেশ্য হওয়া উচিত ‘যথাসময়ে যথা কাজ।’

৩৮. Honesty is a noble virtue. It is the secret of success in every sphere of life. The value of honesty is very great. It wins love, respect and fearlessness. An honest man passes his days in respect and happiness. Honesty is the best policy.

**অনুবাদ:** সততা মহৎ গুণ। জীবনের প্রতিটি ক্ষেত্রে সাফল্যের গোপন রহস্য হলো সততা। সত্যতার মূল্য খুবই বেশি। সততা দিয়ে ভালোবাসা, শ্রদ্ধা ও নির্ভীকতা জয় করা যায়। সৎ ব্যক্তি সুখে ও মর্যাদায় দিন অতিবাহিত করে। সততাই সর্বোৎকৃষ্ট পন্থা।

৩৯. In this life there are no gains without pains. Life indeed, would be dull if there were no difficulties. Games lose their interest, if there is no struggle and if the result is a foregone conclusion. Both winner and loser enjoy a game most if it is closely contested to the last.

**অনুবাদ:** কষ্ট ছাড়া এ জীবনে কিছুই অর্জিত হয় না। বস্তুত, বাঁধা-বিঘ্ন না থাকলে জীবন হয়ে পড়ে নিরানন্দ। খেলায় যদি প্রতিযোগিতা না থাকে আর তার ফলাফল পূর্বনির্ধারিত হয়, তবে সে খেলা তার মজা হারিয়ে ফেলে। খেলায় শেষ মুহূর্ত পর্যন্ত প্রতিদ্বন্দ্বিতা তীব্র হলে বিজয়ী এবং বিজিত উভয়েই তা দারুণ উপভোগ করে।

৪০. Students have youth and energy. They are filled with high ideals. They are free from the responsibility of maintaining families. So, it is easy for them to devote themselves to social service.

**অনুবাদ:** ছাত্রদের আছে তারুণ্য ও শক্তি। তারা উচ্চ আদর্শে ভরপুর। পরিবার চালানোর দায়িত্ব থেকে তারা মুক্ত। কাজেই, সমাজসেবায় নিজেদের উৎসর্গ করা তাদের পক্ষে সহজ।

৪১. One of the most famous of the early travellers of the world was Marco Polo. He was born in Venice in 1254. A.D. When Marco was a boy of fifteen, his father decided to go to China. Marco was not very strong and was too dedicate to go on such a long journey. But he was brave and persuaded his father to take him with him.

**অনুবাদ:** সেকালে পৃথিবীর বিখ্যাত পর্যটকদের মধ্যে অন্যতম ছিলেন মার্কো পোলো। তিনি ভেনিস শহরে ১২৫৪ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেছিলেন। মার্কোর বয়স যখন পনেরো, সেই সময় তাঁর পিতা চীন দেশে যাবেন বলে স্থির করেছিলেন। মার্কোর স্বাস্থ্য বিশেষ ভালো ছিল না। এই দীর্ঘ ভ্রমণের পক্ষে তা ছিল একেবারেই অনুপযোগী। কিন্তু তিনি ছিলেন সাহসী এবং তিনি পিতাকে তাঁর সহযাত্রী করে নেবার জন্য সম্মত করালেন।

৪২. Hercules was a great hero. He was once going on his way to an unknown place, when he saw a gaint. The giant was even taller than a mountain and was holding the sky on his head. He asked Hercules, Who are you and what do you want? The hero said, ‘I am Hercules and am going to the garden of Golden Apples’.



**অনুবাদ:** হারকিউলিস ছিলেন একজন মস্ত বীর। একবার এক অচেনা জায়গায় যাওয়ার পথে তিনি এক দৈত্যকে দেখতে পেলেন। দৈত্যটি ছিল পাহাড়ের চেয়েও লম্বা এবং সে তার মাথায় করে আকাশ ধরে রেখেছিল। সে হারকিউলিসকে জিজ্ঞেস করল, 'তুমি কে এবং কী চাও? সেই বীর বলল, 'আমি হারকিউলিস এবং আমি সোনালি আপেলের বাগানে যেতে চাই।'

8৩. Books introduce us with the best society; they bring us into the presence of the greatest minds that have ever lived. We have what they said and did. We see them as if they were really alive. We became participators in their thoughts. We sympathise with them.

**অনুবাদ:** গ্রন্থের মাধ্যমেই আমরা সর্বোত্তম সমাজের পরিচয় পাই। গ্রন্থ আমাদের শ্রেষ্ঠ মননশীল ব্যক্তিদের অস্তিত্বের কাছে নিয়ে আসে। আমরা তাদের কথা ও কাজে স্বচ্ছন্দে জ্ঞাত হই। আমরা দেখি, যেন তারা সত্যিই জীবিত। আমরা তাদের চিন্তাধারার অংশগ্রহণকারী হয়ে পড়ি। তাদের সঙ্গে আমরা সমব্যথী হয়ে যাই।

88. Patriotism is love for one's country. It is powerful sentiment and wholly unselfish and noble. A patriot can sacrifice even his own life for the welfare of his country. It is idealism that gives courage and strength. But false patriotism makes a man narrow-minded and selfish.

**অনুবাদ:** নিজের দেশকে ভালোবাসাই স্বদেশপ্রেম। এটি এক প্রবল ভাবাবেগ, যা স্বার্থহীন ও মহৎ। স্বদেশের কল্যাণ কামনায় একজন দেশপ্রেমিক নিজের জীবন পর্যন্ত উৎসর্গ করতে পারেন। এটি একটি আদর্শ, যা দেয় সাহস ও শক্তি। কিন্তু মেকি স্বদেশপ্রেম মানুষকে সংকীর্ণমনা ও স্বার্থপর করে তোলে।

8৫. Honesty is a great virtue. If you do not deceive others, if you do not tell a lie, if you are strictly just and fair in your dealing with others, you are an honest man. Honesty is the best policy. An honest man is respected by all. No one can prosper in life if he is not honest.

**অনুবাদ:** সততা মহৎ গুণ। যদি অপরকে প্রতারণা না কর, মিথ্যা না বল, অন্যের সঙ্গে যথার্থ ও ন্যায়সংগত আচরণ কর, তবে তুমি সৎ ব্যক্তি। সততাই শ্রেষ্ঠ পন্থা। সৎ ব্যক্তিকে সকলেই সম্মান করে। সততা ব্যতীত কেউ জীবনে উন্নতি করতে পারে না।

## অনুশীলনী

### অনুবাদের উদাহরণ

1. Cricket is a popular game. The game has achieved popularity in Bangladesh too like the other countries of the world. Bangladesh has been trying to achieve a success in the cricket for long. We are happy that our country earns the capability to join the world cup tournament by winning the last ICC trophy.
2. Bangladesh is a land of rivers. The rivers fall into the Bay of Bengal. Many towns, ports and villages stand on both sides of these rivers. In the rainy season, these rivers assume a terrible look but in the winter they remain quite calm.
3. Students should abide by the rules of health. They will get up early in the morning. They must be industrious. Industry is at the root of all prospers. An idle man cannot make any progress in life.
8. Always speak the truth. Never tell a lie. Nobody believes a liar. Even if he speaks the truth he is considered to be a liar. Nobody in the world is unfortunate as he.
৫. We are living in an age of science. Science has discovered and invented many things. We use them in our daily life for our comfort and convenience. Electricity is one of the greatest and most important gift of science to man. Electricity has almost changed the mode of our life.
৬. Student life is the stage of preparation for future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow. He has different duties. He should perform them all. As a student, his first duty is to study and learn. He should be careful to his lessons.





৭. Computer is the new miracle of science. It can make thousand of calculations in a moment. It can store in its memory millions of facts and figures. It can also recall them at ease. In our country the use of computer is growing rapidly. Now a day's computers are used in banks, shops, airlines, offices, libraries, everywhere. It seems that computer is going to dominate the future civilization of man.
৮. No man cannot live alone. When we are children then family protects us. When we grow up, we need the help of all the people around us. If we try to live alone, our lives are no other than those of animals. Our father and mother, our teachers, our government, all these train us to do our duty.
৯. The life of a student is a life of preparation, preparation for the struggle of life. To make him ill fitted for the struggle, education is necessary. Students of today will lead the nation tomorrow. But if their education is not completed, would they be able to lead the country to peace and prosperity?
১০. He who loves his country is a patriot. The patriots love their country more dearly than their lives. They are ready to lay down their lives for the welfare of their country. Everybody honours them. They live even after their death.
১১. The newspaper is a very useful thing. At present we find many newspapers in Bangladesh. Newspaper helps the progress of a nation. People are eager to know what is going on in the world. They can know this and that by reading the newspaper. It gives us all sorts of news of our own land as well as foreign lands.
১২. A boy may be very bad at subjects like history, geography and even English. But he may be very clever with his hands; He may be able to make excellent models of aeroplane or of trains. If so, he might become a useful teacher at wood work, rather than an unhappy clerk in an office.
১৩. The necessity of learning English cannot be ever-stated. English is an international language. It is essential in our day-to-day activities. We must know English in order to go in for any job. There is handily any situation where the employees can do without English.
১৪. Bangladesh is not a very big country. But it is one of the most densely populated countries in the world. More than one hundred and four million people live in this small country. Its population is still on the increase. If the present rate of increase continues uncontrolled, her population will be doubled within next twenty years.
১৫. A newspaper is a store-house of knowledge. We can know the condition, manners and customs of other countries of the world from newspaper. It is in fact the summary of all current history. It supplies information to all classes of people. The businessman fined the condition of the world market about his goods through newspaper.
১৬. Cricket is a popular game. The number of cricket fans is increasing all over the world. In many countries of the world, cricket is being practised now. Cricket culture is not new in this sub-continent. Bangladesh has advanced a lot in cricket. Now in the Cricket World Bangladesh is a popular name.
১৭. Nobody can prosper without labour. Either money or education, you have to work hard to acquire it. Those who are idle, lag behind forever. All who have acquired higher status in the society are industrious. Hear in mind that industry is the key to progress.
১৮. Our country is full of natural resources. Our development depends on the proper use of these resources. To idle away time will not do. It is our duty to build up our country. For this, all of us have to work hard because without industry no nation can prosper. We shall have to bear in mind that industry is at the root of good luck.
১৯. Rice is our staple food. Our country has produced plenty of paddies this year. Poor people are expecting to get two handfuls of rice. All of us should work hard with a view to overcoming poverty. It is not possible to produce more crops without hard labour.



২০. Socrates did not teach in a school. Instead he taught in the streets, in the market places, where the young men were likely to be found. He taught that man must be good to be happy. He often said that he was wiser than other men, because he understood how little he known.
২১. Student life is the preparatory period for struggle. The necessity of education is endless to enable a student for this struggle. Only education does not make a student ideal. A good student has to have other qualities. The student who is intelligent in studies, good at behaviour, obedient to parents and teachers, is a good one.
২২. Trees are our friends. It helps us in different ways. It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make a forestation programme successful.
২৩. We must make the best use of our animals. Bangladesh is an agricultural country. There is almost no mechanized cultivation. All the works of cultivation depend on animal power. That is why, working animals are badly needed.
২৪. The great advantage (সুবিধা) of early rising is the good start it gives in our day's work. The early riser has done huge quantity of hard work before other men have got out of bed. In early morning the mind is fresh (সতেজ) and there are fewer disturbances. So, the work done at that time is generally will be done. By beginning so early, he knows that he has plenty of time to do all the work thoroughly. He is not, therefore, tempted (শব্দ হওয়া) to hurry.
২৫. Home is the first school where the child learns his first lesson. He sees, hears and begins to learn at home. It is the home that builds his character. In a good home honest and healthy men are made. But indulgence at home spoils a child.



### পাঠোত্তর মূল্যায়ন

ক. সঠিক উত্তরটি বাছাই করুন-

১. অনুবাদে মূলের ভাব-

ক. থাকবে

খ. থাকবে না

২. অনুবাদ হবে-

ক. কঠিন

খ. প্রাঞ্জল

৩. মূল বাক্যের ক্রিয়া ও বাচ্য অনুবাদে-

ক. থাকবে

খ. থাকবে না

৪. মূল রচনার ভাষারীতি অনুবাদে প্রতিফলিত-

ক. হবে

খ. হবে না

৫. মূলের বড় বাক্য অনুবাদে-

ক. বড় হওয়া উচিত

খ. ছোট হওয়া উচিত

৬. অনুবাদে কোনো বাক্যের ব্যাখ্যা-

ক. প্রয়োজনীয়

খ. অপ্রয়োজনীয়



### উত্তরমালা : বহুনির্বাচনি প্রশ্ন

১. ক ২. খ ৩. ক ৪. ক ৫. ক ৬. খ